উপজেলা পরিষদ
শাহজাদপুর, সিরাজগঞ্জ ।

শাহজাদপুর উপজেলা পরিষদের সেপ্টেম্বর, ২০২১ মাসে অনুষ্ঠিত ৫ম উপজেলা পরিষদের ২৮তম সাধারণ সভার কার্যবিবরণী :

সভাপতি : জনাব মোঃ আজাদ রহমান
চেয়ারম্যান, উপজেলা পরিষদ,শাহজাদপুর, সিরাজগঞ্জ ।
স্থান : উপজেলা পরিষদের শহীদ স্মৃতি সম্মেলন কক্ষ
তারিখ ও সময় : ২১/০৯/২০২১, সময় : সকাল ১১-০০ মিঃ

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট ‘ক’ দ্রষ্টব্য ।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে এবং স্বাগত বক্তব্যের মাধ্যমে সভার কার্যক্রম আরম্ভ করেন । স্বাগত বক্তব্যে তিনি উপজেলা পরিষদে ন্যস্ত সকল বিভাগীয় প্রধানসহ অন্যান্য সকল বিভাগের সদাশয় সরকারের উন্নয়ন প্রকল্প, সামাজিক নিরাপত্তা বেষ্টনী খাতের কার্যক্রমসহ সকল কাজ সুষ্ঠুভাবে বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করেন । অতঃপর উপজেলা নির্বাহী অফিসারকে সভা পরিচালনা করার জন্য অনুরোধ জানান । উপজেলা নির্বাহী অফিসার, শাহজাদপুর উপস্থিত সকলকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে আলোচ্য সূচি অনুযায়ী সভার কাজ শুরু করেন ।

আলোচ্য সূচি-১ : গত সভার কার্যবিবরণী পাঠ, দৃঢ়িকরণ ও অনুমোদন :
উপজেলা নির্বাহী অফিসার গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান । কোনরুপ সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহিত ও অনুমোদিত হয় ।
আলোচ্য সূচি-২ : উপজেলা পরিষদ বিষয়ক নতুন আইন /বিধি/সার্কুলার প্রজ্ঞাপন বিষয়ে অবহিত করা :
আলোচ্য সূচি-৩ : কমিটির সুপারিশসমূহ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ :
গত সভার গৃহিত সিদ্ধান্তের অগ্রগতি সম্পর্কে অবহিত হওয়ার নিমিত্ত নিম্নরুপভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয় :

ক্র:নং	বিভাগ / প্রতিষ্ঠান	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্তসমূহ	বাস্তবায়নে / ব্যবস্থা গ্রহণে
১	২	৩	৪	৫
১	স্বাস্থ্য বিভাগ	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শাহজাদপুর সভায় জানান যে, স্বাস্থ্য বিভাগের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে । বর্তমানে বিশেষ কোন সমস্যা নেই । তবে বর্তমানের মহামারী কোভিড-১৯ (করোনা ভাইরাস) প্রতিরোধকল্পে সকলকে মাস্ক ব্যবহারসহ স্বাস্থ্য বিধি মেনে চলার পরামর্শ দেন । অতি সম্প্রতি ক্যাম্পিং করে পৌরসভায় ও ইউনিয়ন পর্যায়ে করোনা ভাইরাসের টিকা প্রদান করা হবে । উর্দ্ধতন কর্তৃপক্ষের সুনির্দিষ্ট নির্দেশনা পাওয়া গেলে স্থান, তারিখ ও সময় নির্ধারণ করে পত্র প্রদান করা হবে । স্বাস্থ্য বিভাগের সকল কাজে ও করোনার টিকা প্রদানের জন্য জনপ্রতিনিধি, ট্যাগ অফিসারসহ সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।	বিস্তারিত আলোচনান্তে এ বিষয়ে ইউপি চেয়ারম্যান ও ইউনিয়নের দায়িত্বপ্রাপ্ত ট্যাগ অফিসার ও সংশ্লিষ্ট সকলে সার্বিক সহযোগিতা প্রদান করবেন মর্মে অভিমতের আলোকে সিদ্ধান্ত গৃহিত হয় এবং সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য সভায় অনুরোধ করা হয় ।	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শাহজাদপুর

চলমান পাতা-২

২	কৃষি বিভাগ	উপজেলা কৃষি অফিসার, শাহজাদপুর সভাকে অবহিত করেন যে, কৃষি বিভাগের কার্যক্রম যথারীতি চলছে । আপাততঃ কোন সমস্যা নেই । তবে সামনে বর্ষাকাল সমাগত, শাহজাদপুরের গাড়াদহ ও নরিনা ইউনিয়ন ব্যতীত প্রায় সবগুলো ইউনিয়নের আবাদী জমি নীচু বা নিম্নাঞ্চল হিসেবে গঠিত । যা বন্যার পানিতে তলিয়ে যায় । বিশেষ করে পোতাজিয়া ও কায়েমপুর ইউনিয়নের অধিকাংশ এলাকা চলনবিলের সাথে যুক্ত । বাঘাবাড়ী থেকে টিয়ারবন্দ হয়ে চলে যাওয়া পানি উন্নয়ন বোর্ডের বেড়ী বাঁধ ভেঙে গেলে উক্ত বিস্তীর্ণ অঞ্চলের আধা পাকা বোরো ধান তলিয়ে যাবে । এ জন্য বাঁধ রক্ষায় সতর্কতা অবলম্বন করতে হবে । এ জন্য সংশ্লিষ্ট সকলকে ও সংশ্লিষ্ট বিভাগকে বাঁধ রক্ষায় ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা যেতে পারে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় ।	বিস্তারিত আলোচনান্তে এ বিষয়ে পানি উন্নয়ন বোর্ড, সিরাজগঞ্জকে পত্র দেয়ার সিদ্ধান্ত গৃহিত হয় এবং কেউ যাতে বাঁধ কেটে বা ভেঙে দিতে না পারে সে লক্ষে চেয়ারম্যান, রুপবাটী ইউপি ও চেয়ারম্যান, পোতাজিয়া ইউপিকে তাদের ইউনিয়ন এলাকার অংশে প্রয়োজনীয় তদারকী করার ব্যবস্থা ও প্রয়োজনীয় সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ করা হয় ।	উপজেলা কৃষি কর্মকর্তা, শাহজাদপুর
৩	প্রাণি সম্পদ বিভাগ	উপজেলা প্রাণিসম্পদ অফিসার, শাহজাদপুর সভাকে অবহিত করেন যে, উপজেলা প্রাণিসম্পদ বিভাগের কার্যক্রম যথারীতি চলছে । আপাততঃ কোন সমস্যা নেই । শাহজাদপুর উপজেলা একটি গো-সম্পদ সমৃদ্ধ উপজেলা । এখানে ব্যাপক হারে গাভী, ষাড়সহ নানা রকম উন্নত জাতের গবাদি পশু পালন করা হয় । আসন্ন বন্যা মৌসুমে বাথান ল্যান্ড থেকে গবাদি পশুকে বাড়িতে নিয়ে আসবে খামারীরা । গো-সম্পদকে রক্ষার জন্য উপজেলা পরিষদ থেকে গবাদি পশুর টিকা ও প্রয়োজনীয় জরুরী ঔষধ ক্রয়ের প্রকল্প গ্রহণ করা প্রয়োজন। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় ।	বিস্তারিত আলোচনান্তে এ বিষয়ে ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি/ উপজেলা উন্নয়ন তহবিল থেকে প্রকল্প গ্রহণের লক্ষে প্রকল্প প্রস্তাব প্রেরণ করতে অনুরোধ করা হয়ে এবং উপজেলা প্রকৌশলী এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন মর্মে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় ।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, শাহজাদপুর
৪	সমাজসেবা বিভাগ	উপজেলা সমাজ সেবা অফিসার, শাহজাদপুর সভাকে অবহিত করেন যে, সমাজ সেবা বিভাগের কার্যক্রম যথারীতি চলছে । আপাততঃ কোন সমস্যা নেই । উপজেলা নির্বাহী অফিসার, সমাজ সেবা থেকে মুক্তিযোদ্ধা ভাতা, বয়স্ক ভাতা কার্যক্রমসহ সকল প্রকার ভাতা প্রদানের ক্ষেত্রে সরকারি নির্দেশনা অনুযায়ী সেবা গ্রহিতাদের সেবা প্রদান সহজীকরণ করতে পরামর্শ প্রদান করেন ।	বিস্তারিত আলোচনান্তে সকল প্রকার ভাতা প্রদানসহ জনগণকে প্রদত্ত সকল সেবা ভোগান্তি ব্যতীত দুততার সাথে করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, শাহজাদপুর
৫	মৎস্য বিভাগ	উপজেলা মৎস্য অফিসার, শাহজাদপুর সভাকে অবহিত করেন যে, মৎস্য বিভাগের কার্যক্রম যথারীতি চলছে । আপাততঃ কোন সমস্যা নেই । তবে সামনে বর্ষাকাল সমাগত,শাহজাদপুরের জলাভূমিতে যাতে নিষিদ্ধ জাল দ্বারা পোনা মাছ নিধন করতে না পারে- সেদিকে নজর দেয়া প্রয়োজন ।	বিস্তারিত আলোচনান্তে প্লাবন ভূমিতে / বন্যার পানি থেকে নিষিদ্ধ জাল দ্বারা পোনা নিধনের বিরুদ্ধে কার্যক্রম গ্রহণের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা মৎস্য কর্মকর্তা, শাহজাদপুর

চলমান পাতা-৩

৬	পরিবার পরিকল্পনা বিভাগ	উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, শাহজাদপুর সভাকে অবহিত করেন যে, পরিবার পরিকল্পনা বিভাগের কার্যক্রম যথারীতি চলছে । আপাততঃ কোন সমস্যা নেই ।	পরিবার পরিকল্পনা বিভাগ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় । জন্মনিয়ন্ত্রণসহ পরিবার পরিকল্পনা বিভাগের মাঠ পর্যায়ের পরিবার পরিকল্পনা কার্যক্রম বাস্তবায়নসহ সকল সেবামূলক কার্যক্রম জোরদার করার পরামর্শ প্রদান করা হয় ।	উপজেলা পরিবার পরিকল্প কর্মকর্তা, শাহজাদপুর
৭	প্রাথমিক শিক্ষা বিভাগ	উপজেলা শিক্ষা অফিসার, শাহজাদপুর সভাকে অবহিত করেন যে, শিক্ষা বিভাগের কার্যক্রম যথারীতি চলছে । আপাততঃ কোন সমস্যা নেই । তবে কোভিড-১৯ এর কারণে সকল শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে । অনেক ক্ষেত্রে অনলাইন চলছে । বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় ।	বিস্তারিত আলোচনান্তে, সরকারি নির্দেশনা মেনে শিক্ষার্থীদের অনলাইন ক্লাশ করানোসহ এ্যাসাইনমেন্ট কার্যক্রম ও অন্যান্য সরকারি নির্দেশনা বিধি বিধান মেনে বাস্তবায়ন করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় ।	উপজেলা শিক্ষা কর্মকর্তা, শাহজাদপুর
৮	মাধ্যমিক শিক্ষা বিভাগ	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শাহজাদপুর সভাকে অবহিত করেন যে, মাধ্যমিক শিক্ষা বিভাগের কার্যক্রম যথারীতি চলছে । আপাততঃ কোন সমস্যা নেই । করোনা বিধি নিষেধের কারণে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রয়েছে ।	বিস্তারিত আলোচনান্তে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের অনলাইন ক্লাশ করানোসহ এ্যাসাইনমেন্ট কার্যক্রম ও অন্যান্য সরকারি নির্দেশনা বিধি বিধান মেনে বাস্তবায়ন করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় ।	উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, শাহজাদপুর
৯	ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ	উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, শাহজাদপুর সভাকে অবহিত করেন যে, ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের কার্যক্রম যথারীতি চলছে । আপাততঃ কোন সমস্যা নেই । তবে সামনে বর্ষাকাল সমাগত,শাহজাদপুরের	বিস্তারিত আলোচনান্তে, উন্নয়ন প্রকল্প বিধি মোতাবেক গ্রহণ ও বাস্তবায়ন বিধি মোতাবেক সঠিক সময়ে সম্পন্ন করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয় ।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শাহজাদপুর
১০	যুব উন্নয়ন বিভাগ	উপজেলা যুব উন্নয়ন অফিসার, শাহজাদপুর সভাকে অবহিত করেন যে, যুব উন্নয়ন অধিদপ্তরের কার্যক্রম যথারীতি চলছে । আপাততঃ কোন সমস্যা নেই	বিস্তারিত আলোচনান্তে, আত্ম কর্মসংস্থান সৃষ্টির লক্ষে বিভাগের সকল কার্যক্রম সচল রাখার পরামর্শ প্রদান করা হয় ।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শাহজাদপুর
১১	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর	উপসহকারী প্রকৌশল (জনস্বাস্থ্য), শাহজাদপুর সভাকে অবহিত করেন যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের কার্যক্রম যথারীতি চলছে । আপাততঃ কোন সমস্য নেই ।	বিস্তারিত আলোচনান্তে, জনস্বাস্থ্য বিভাগের ১০০ভাগ স্যানিটেশনসহ সকল কার্যক্রম সচল রাখার নির্দেশনা প্রদান করা হয় ।	সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, শাহজাদপুর
১২	সমবায় বিভাগ	উপজেলা সমবায় অফিসার, শাহজাদপুর সভাকে অবহিত করেন যে, সময়বায় বিভাগের কার্যক্রম যথারীতি চলছে । আপাততঃ কোন সমস্য নেই।	বিস্তারিত আলোচনান্তে, সমবায় বিভাগের কার্যক্রম সচল রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয় ।	উপজেলা সমবায় কর্মকর্তা, শাহজাদপুর

চলমান পাতা-৪

১৩	পল্লী উন্নয়ন বিভাগ	উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, শাহজাদপুর সভাকে অবহিত করেন যে, পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম যথারীতি চলছে। আপাততঃ কোন সমস্য নেই।	বিস্তারিত আলোচনান্তে, পল্লী উন্নয়ন বিভাগের কার্যক্রম সচল রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, শাহজাদপুর
১৪	খাদ্য বিভাগ	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শাহজাদপুর সভাকে অবহিত করেন যে, খাদ্য বিভাগের কার্যক্রম যথারীতি চলছে। আপাততঃ কোন সমস্য নেই।	বিস্তারিত আলোচনান্তে, খাদ্য বিভাগের কার্যক্রম সচল রাখার জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শাহজাদপুর
১৫	মহিলা বিষয়ক অধিদপ্তর	উপজেলা মহিলা বিষয়ক অফিসার, শাহজাদপুর সভাকে অবহিত করেন যে, মহিলা বিষয়ক অধিদপ্তরের কার্যক্রম যথারীতি চলছে। আপাততঃ কোন সমস্য নেই।	বিস্তারিত আলোচনান্তে ভিজিডি, সকল প্রকার ভাতা প্রদানসহ সেবা গ্রহীতাদের প্রদত্ত সকল সেবা ভোগান্তি ব্যতীত দ্রুততার সাথে কার্যক্রম সম্পন্ন করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শাহজাদপুর
১৬	বন বিভাগ	বন বিভাগের কোন কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় কোন প্রকার আলোচনা করা সম্ভব হয়নি।	বন বিভাগের কর্মকর্তার উপস্থিতি নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা নির্বাহী অফিসার
১৭	স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ	(ক) উপজেলা প্রকৌশলী, শাহজাদপুর সভাকে অবহিত করেন যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের দাপ্তরিক কার্যক্রম ও উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত কার্যক্রম যথারীতি চলছে। আপাততঃ কোন সমস্যা নেই। ২০২১-২২ অর্থ বছরের প্রকল্প বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। তবে উপজেলার রাজস্ব আয়ের (উন্নয়ন তহবিলের) নলকূপ স্থাপন ও স্যানিটারী স্লাব সরবরাহের কয়েকটি প্রকল্প পিআইসির মাধ্যমেবাস্তবায়ন সম্পন্ন হলেও ২০২১-২২ অর্থ বছরের শুরুর দিকে অর্থ প্রদান করা হয়েছে। বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। (খ) এ ছাড়া ২০২১-২০২২ অর্থ বৎসরের উপজেলার বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বরাদ্দকৃত অর্থ থেকে নিম্নবর্ণিত ৩টি প্রকল্প বাস্তবায়ন করার লক্ষ্যে সভায় উপস্থাপন করা হয় : ১)মশিপুর দক্ষিণপাড়া নূরতাজের বাড়ি হতে আলমের বাড়ি পর্যন্ত রাস্তা সিসিকরণ =৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা মাত্র ২)মশিপুর মসজিদের সামনে হাজী কাদেরের বাড়ি বাড়ি হতে মাহফুজ মাস্টারের বাড়ি পর্যন্ত রাস্তা সিসিকরণ =৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা মাত্র ৩) তালগাছি হাটের বটগাছ থেকে ধানের চাতাল পর্যন্ত রাস্তা সিসিকরণ =৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা মাত্র বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	(ক)বিস্তারিত আলোচনান্তে, স্থানীয় রাজস্ব তহবিলের (উন্নয়ন তহবিলের) নলকূপ স্থাপন ও স্যানেটারী ল্যাট্রিনের জন্য রিং স্লাব সরবরাহের প্রকল্পের পিআইসিদেরকে অর্থ প্রদান/ বিল ২০২১-২০২২ অর্থ বছরের তহবিল থেকে পরিশোধের বিষয়টি ভূতাপেক্ষভাবে সর্বসম্মতিক্রমে অনুমোদন দেওয়া হয় এবং প্রয়োজনে উপজেলা প্রকৌশলী বাস্তবায়ন তদারকী করে ১০০ ভাগ বাস্তবায়ন নিশ্চিত করবেন মর্মে সিদ্ধান গৃহিত হয়। (খ)বিস্তারিত আলোচনান্তে, ২০২১-২০২২ অর্থ বৎসরের উপজেলার উন্নয়ন সহায়তা বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) অর্থে আরএফকিউ পদ্ধতিতে বাস্তবায়নের জন্য উপস্থাপিত ৩টি প্রকল্পের প্রাক্কলন ও প্রকল্প সর্বসম্মত্তিক্রমে অনুমোদন করা হয় এবং কাজ বাস্তবায়ন করার সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হয়।	উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, শাহজাদপুর

চলমান পাতা-৫

১৮	উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অর্থে বাস্তবায়নের জন্য প্রকল্প গ্রহণ সংক্রান্ত	সভায় সভাপতি জানান যে, উপজেলা পরিষদের বিভিন্ন বাসায় বসবাসকারী কর্মকর্তা- কর্মচারীগণ বাসভবনে/বাসায় পানি সরবরাহ বিঘ্নিত হচ্ছে মর্মে জানানো হচ্ছে । উপজেলা প্রকৌশলী জানান যে, পরিষদের সকল বাসার পানির লাইন পূনঃস্থাপন/মেরামত/ লাইন পরিষ্কারকরণ ইত্যাদি কাজ করা জরুরী হয়ে পড়েছে । বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় ।	ক)বিস্তারিত আলোচনান্তে, স্থানীয় রাজস্ব তহবিলের প্রয়োজনীয় অর্থে পানির লাইনের সংস্কার/ প্রতিস্থাপন/ মেরামত ইত্যাদি কাজ এ কাজের সাথে যুক্ত প্রতিষ্ঠানের মাধ্যমে করানোর সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃতিহ হয় ।	
১৯	উপজেলা পরিষদ উন্নয়ন তহবিল / হাট-বাজারের ইজারা আয়ের ১০% অর্থে বাস্তবায়নের জন্য প্রকল্প গ্রহণ সংক্রান্ত	চেয়ারম্যান, গাড়াদহ ইউনিয়ন পরিষদ সভাকে অবহিত করেন যে, তালগাছি গরুর হাটটি উপজেলার সর্ববৃহৎ হাট । এ হাটে দেশের বিভিন্ন প্রান্ত থেকে গরুর ব্যাপারী / ক্রেতা-বিক্রেতার সমাগত ঘটে । হাটের অভ্যন্তরীণ অবকাঠামো/ ভিতরের রাস্তা ইত্যাদি উন্নত করা না গেলে হাটে আগতদের ব্যাপক ভোগান্তিতে পড়তে হচ্ছে এবং হাটে গুরুত্ব কমে যাচ্ছে । তিনি এই হাটে দুইটি প্রকল্প বাস্তবায়নের প্রস্তাব করেন (১) তালগাছি হাটের অভ্যন্তরে রফিকের দোকান থেকে ছাগল হাটা পর্যন্ত রাস্তা আরসিসি করণ (২) ছাগল হাটার সুইপারের (পরিচ্ছন্নতা কর্মী) থেকে বীর মুক্তিযোদ্ধা নাছিরের বাড়ি পর্যন্ত রাস্তা আরসিসি করণ । বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় ।	বিস্তারিত আলোচনান্তে এ বিষয়ে ২০২১-২২ হাট-বাজারের অর্থে প্রকল্প বাস্তবায়নের জন্য প্রাক যাচাই পূর্বক প্রাক্কলন উপস্থাপন করার জন্য সভায় উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয় ।	উপজেলা প্রকৌশলী/ চেয়ারম্যান, গাড়াদহ ইউপি
২০	স্থায়ী কমিটির সুপারিশসমূহ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ	সভাপতি জানান, ১৭টি স্থায়ী কমিটির না পাওয়া যাওয়ায় এ বিষয়ে সভায় কোন আলোচনা করা সম্ভব হয়নি।	সুপারিশ পাওয়া যায়নি	
২১	আইন, বিধি, সার্কুলার, প্রজ্ঞাপন ইত্যাদি অবহিতকরণ	সভাপতি জানান, চলতি মাসে কোন আইন, বিধি, সার্কুলার, প্রজ্ঞাপন সংক্রান্ত কোন পরিপত্র অত্র সভায় উপস্থাপন না হওয়ায় আলোচনা করা গেল না ।	পাওয়া না যাওয়ায় আলোচনা হয়নি	
২২	ইউজিডিপি	উপজেলা পরিচালনা ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) বিষয়ে সভায় আলোচনা করা হয় । উক্ত প্রকল্পের ২০২০-২১ অর্থ বছরের (৫ম পর্যায়) অবকাঠামো উন্নয়ন বরাদ্দের চল্লিশ লক্ষ টাকায় ইতঃপূর্বে প্রকল্প অনুমোদন ও গ্রহণ করা হয় (১) কমিউনিটি ক্লিনিকে ডেলিভারী রুম নির্মাণ (২) শিক্ষার মানোন্নয়নে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ল্যাপটপ সরবরাহ । সক্ষমতা বৃদ্ধি উপপ্রকল্পের বরাদ্দ ১০ লক্ষ টাকার নিম্নোক্ত ৮টি সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়। যথা : (১) বিভিন্ন দপ্তরের কর্মরত কর্মকর্তা, কর্মচারী ও নির্বাচিত জনপ্রতিনিধিগণের দুর্নীতি বিরোধী ও শুদ্ধাচার প্রশিক্ষণ (২) ই-নথি ও ওয়েবপোর্টাল বিষয়ক প্রশিক্ষণ (৩) বাল্য বিয়ে,	বিস্তারিত আলোচনান্তে গৃহিত উপ-প্রকল্পসমূহ অনুমোদন করা হয় । ডিজাইন ও প্রাক্কলন /বাজেট তৈরিতে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য সভায় উপজেলা প্রকৌশলীকে ও সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অনুরোধ করা হয় ।	উপজেলা প্রকৌশলী / ইউডিএফ

		ইভটিজিং প্রতিরোধ ও কিশোরীদের স্বাস্থ্য ও ব্যক্তিগত পরিচ্ছন্নতা বিষয়ক ক্যাম্পেইন (৪) আত্মকর্মসংস্থান সৃষ্টিতে হাঁস-মুরগী ও গরু ছাগলের ভ্যাকসিনেটর প্রশিক্ষণ (৫) মৎস্য উৎপাদন বৃদ্ধিতে পেন কালচার বিষয়ক প্রশিক্ষণ (৬) অবকাঠামো তৈরীতে টেকসই, নিরাপদ ও গুণগত মান নিশ্চিতকরণে রাজমিস্ত্রি ও ঠিকাদারদের প্রশিক্ষণ (৭) জৈবসার (ভার্মি কম্পোস্ট) উৎপাদনে কৃষকদের প্রশিক্‌ষণ (৮) আত্মকর্মসংস্থান সৃষ্টিতে যুব মহিলাদের ব্লক বাটিক প্রশিক্ষণ । বিষয়টি নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় ।		

সভাপতির দিকনির্দেশনামূলক বক্তব্য প্রদান শেষে সভায় আর কোন আলোচনা না থাকায় চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাহজাদপুর ও সভার সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

(মো: আজাদ রহমান)
উপজেলা পরিষদ চেয়ারম্যান
শাহজাদপুর, সিরাজগঞ্জ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

(উপজেলা পরিষদ)

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
শাহজাদপুর, সিরাজগঞ্জ।

স্মারক নং-০৫.৪৩.৮৮৬৭.০০০.০৮.০০৩.২১. তারিখ : ...../০৯/২০২১ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১। মাননীয় সংসদ সদস্য, ৬৭-সিরাজগঞ্জ-৬ ।
২। জেলা প্রশাসক, সিরাজগঞ্জ ।
৩। উপপরিচালক, স্থানীয় সরকার, সিরাজগঞ্জ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
৫। মেয়র, শাহজাদপুর পৌরসভা, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
৬। ভাইস চেয়ারম্যান / মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
৭। চেয়ারম্যান,........................ইউনিয়ন পরিষদ, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
৮। উপজেলা .... অফিসার, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
৯। ....সংরক্ষিত মহিলা সদস্য, উপজেলা পরিষদ, শাহজাদপুর, সিরাজগঞ্জ।
১০। জনাব ....

(শাহ মোঃ শামসুজ্জোহা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মূখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
শাহজাদপুর, সিরাজগঞ্জ।